যায়যায়দিন

তারিখ AUG. 13 2006
পৃষ্ঠা ১ কলাম ৪

# রাবিতে চারুকলার শিক্ষার্থীদের ওপর বোমা হামলা

## অনির্দিষ্টকাল ধর্মঘট আহ্বান

রাবি প্রতিনিধি

তিন দিনের ক্লাস বর্জন কর্মসূচি শেষ না হতেই পুরো ক্যাম্পাসে আজ রবিবার থেকে অনির্দিষ্টকাল ধর্মঘট ডেকেছে রাজশাহী ইউনিভার্সিটির চারুকলা বিভাগের শিক্ষার্থীরা। চারুকলার মুক্তমঞ্চে গতকাল শনিবার একদল ছাত্রদল কর্মীর বোমা হামলার প্রতিবাদে তারা এ কর্মসূচি দেয়।

প্রত্যক্ষদর্শীরা জানান, চারুকলার মুক্তমঞ্চে অবস্থানরত আন্দোলনকারীদের ওপর বেলা সাড়ে ১১টার দিকে ছাত্রদল কর্মী সাগর, শামীম, রাজীব, রাতুলসহ ছয়জনের একটি দল হামলা চালায়। তারা ভাস্কর্য গ্রুপের অনার্স ফাইনাল ইয়ারের ছাত্র আরিফকে হকিস্টিক, লাঠি দিয়ে বেধড়ক পেটাতে থাকে। এ সময় অন্য শিক্ষার্থীরা আরিফকে রক্ষা করতে ধাওয়া করলে হামলাকারীরা একটি বোমার বিস্ফোরণ ঘটিয়ে পালিয়ে যায়। এতে আহত হয় সিরামিকস থার্ড ইয়ারের রাজু পোদ্দার ও প্রিন্ট মেকিং গ্রুপের ফোর্থ ইয়ারের ইফতি। আহত সবাইকে রাজশাহী মেডিকাল কলেজ হসপিটালে ভর্তি করা হয়েছে।

হামলার প্রতিবাদে ক্যাম্পাসে তাৎক্ষণিক বিক্ষোভ মিছিল করে চারুকলার শিক্ষার্থীরা। দুপুর সাড়ে ১২টার দিকে প্রশাসনিক ভবনের মূল গেটে সমাবেশ থেকে অনির্দিষ্টকাল ধর্মঘটের ঘোষণা দেয়া হয়। ● ছবি শেষ পৃষ্ঠায়

পৃ ১৫ ক ৩

### রাবিতে চারুকলার

(প্রথম পৃষ্ঠার পর)

অভিযুক্ত শিক্ষক ফজলুল করিম কাঞ্চনের বিরুদ্ধে চলমান আন্দোলনকে নস্যাৎ করতে পরিকল্পিতভাবে এ হামলা চালানো হয়েছে বলে শিক্ষার্থীরা অভিযোগ করেছেন।

তবে হামলার সঙ্গে আন্দোলনের সম্পর্ক নেই বলে বিভিন্ন সূত্র জানিয়েছে। ছাত্রদল কর্মী সাগরের এক বোন পড়ে চারুকলার সিরামিকস গ্রুপে। আরিফ তাকে প্রায়ই টিজ করতো– এ অভিযোগে ছাত্রদল কর্মীরা গতকালের ঘটনা ঘটায়।

গত মঙ্গলবার চারুকলা ডিপার্টমেন্টের শিক্ষক ফজলুল করিম কাঞ্চন নিজ ডিপার্টমেন্টের চেয়ারম্যানকে শারীরিকভাবে লাঞ্ছিত করে। এ ঘটনায় তার অপসারণ দাবিতে বুধবার থেকে শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে আসছিল। এরই মধ্যে বুধবার ইউনিভার্সিটি প্রশাসন ফজলুল করিমকে বাধ্যতামূলক ছুটি দেয়; কিন্তু শিক্ষার্থীদের দাবি, তাকে স্থায়ীভাবে অপসারণ করতে হবে।